



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

Web-www.sylhetboard.gov.bd

সিশিবো/কঃশাঃ/৪০০৮/২০১৭/৫২৪

তারিখঃ ০৪/১২/২০১৭ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

বিষয়ঃ রেজিস্ট্রেশন কার্ড নবায়ন প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর আওতায় ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে রেজিস্ট্রেশনধারী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে এইচ.এস.সি পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে অকৃতকার্য হয়েছে (চতুর্থ বিষয় ব্যতিত) সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশন মেয়াদ নবায়ন পূর্বক ২০১৮ সালের এইচ.এস.সি পরীক্ষায় শুধুমাত্র অকৃতকার্য এক বিষয়ে (চতুর্থ বিষয় ব্যতিত) অংশগ্রহণ করতে পারবে। আগামী ১৭/১২/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীর নিম্নবর্ণিত কাগজপত্রাদি জমা সাপেক্ষে রেজিস্ট্রেশন কার্ড নবায়ন করা হবে।

১. রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি।
২. ফি বাবদ শিক্ষার্থী প্রতি ৬০০/= (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।
(সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সম্পাদিত)
৩. টেলিফোন শীটের অনুলিপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত)
৪. প্রবেশপত্রের সত্যায়িত অনুলিপি।

উল্লেখ্য যে, রেজিস্ট্রেশন কার্ড নবায়ন ব্যতিরেকে কোনভাবে পরীক্ষার ফরম পূরণ করা হলে পরবর্তীতে সৃষ্ট জটিলতার জন্য অত্র শিক্ষা বোর্ড দায়ী থাকবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(ড. সৈয়দ মোয়াজ্জম হোসেন)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।

প্রাপকঃ অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন কলেজ ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষগণ।

অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ২। সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড (বিজ্ঞপ্তিটি অত্র শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।